# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

১০ বঙ্গবন্ধু রোড, নগর ভবন
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ ২০২৪'এর ধারা ২৫ (ক) (২) মোতাবেক সরকার কর্তৃক গঠিত কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এ, এইচ, এম কামরুজ্জামান<br>প্রশাসক<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | : | ২০/০১/২০২৫ খ্রিঃ |
| সময় | : | বিকাল ০৩.০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, নগর ভবন কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**উপস্থিত সম্মানিত উপস্থিতিগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)।**

সভাপতি সম্মানীত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি প্রধান নির্বাহী কর্মকর্তাকে আহবান করেন।

প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ জাকির হোসেন সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন শুরু করেন।

**আলোচ্যসূচি ১:** বিগত সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম গত ২৪/১২/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এ কমিটির ৩য় সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট শাখা/ বিভাগ (সকল), কর্মকর্তা/ কর্মচারী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ২:** রাজস্ব আদায়ের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ) জনাব মোঃ হেমায়েত হোসেন রাজস্ব আদায়ের হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

**(ক) রাজস্ব আদায়: অর্থবছর ২০২৪-২০২৫ (ডিসেম্বর ২০২৪)** (লক্ষ টাকায়)

| অঞ্চল | আদায়ের খাত | বকেয়াসহ ২০২৪-২০২৫ অর্থবছরের দাবি | ডিসেম্বর/২৪ পর্যন্ত আদায় | জুলাই-ডিসেম্বর/২৪ মোট আদায় | দাবির প্রেক্ষিতে আদায়ের হার | অবশিষ্ট আদায়যোগ্য (বকেয়াসহ) |
|---|---|---|---|---|---|---|
| নারায়ণগঞ্জ | পৌরকর | ৩০০১.১৫ | ৪৮.৪৩ | ৭২২.৫০ | ২৪.০৭% | ২২৭৮.৬৫ |
| | ট্রেড লাইসেন্স | ৪২০.০০ | ১২.৮৯ | ৩৭২.৯৪ | ৮৮.৮০% | ৪৭.০৬ |
| | দোকান ভাড়া | ২৮৪.১৩ | ২৭.৮০ | ১৪০.৬৯ | ৪৯.৫২% | ১৪৩.৪৪ |
| উপমোট | | ৩৭০৫.২৮ | ৮৯.১২ | ১২৩৬.১৩ | ৩৩.৩৬% | ২৪৬৯.১৫ |
| সিদ্ধিরগঞ্জ | পৌরকর | ৪৯৫৭.৩৩ | ২৬৩.৮৫ | ১৫৬৫.৯৫ | ৩১.৫৯% | ৩৩৯১.৩৮ |
| | ট্রেড লাইসেন্স | ৩২০.০০ | ৫.৮৭ | ১৮৪.০৪ | ৫৭.৫১% | ১৩৫.৯৬ |
| | দোকান ভাড়া | ০.৭৩ | ০.২৫ | ০.৬৩ | ৮৬.৩০% | ০.১০ |
| উপমোট | | ৫২৭৮.০৬ | ২৬৯.৯৭ | ১৭৫০.৬২ | ৩৩.১৭% | ৩৫২৭.৪৪ |
| কদমরসুল | পৌরকর | ২০২৩.৮৩ | ৫৬.৯৩ | ৭২৪.৫৯ | ৩৫.৮০% | ১২৯৯.২৪ |
| | ট্রেড লাইসেন্স | ৬০.০০ | ০.৬৬ | ৪৩.৪৯ | ৭২.৪৮% | ১৬.৫১ |
| | দোকান ভাড়া | ৭.১৮ | ০.৮৭ | ৭.১৮ | ১০০% | ০.০০ |
| উপমোট | | ২০৯০.১৪ | ৫৮.৪৬ | ৭৭৫.২৬ | ৩৭.০৯% | ১৩১৫.৭৫ |
| মোট | পৌরকর | ৯৯৮২.৩১ | ৩৬৯.২১ | ৩০১৩.০৪ | ৩০.১৮% | ৬৯৬৯.২৭ |
| | ট্রেড লাইসেন্স | ৮০০.০০ | ১৯.৪২ | ৬০০.৪৭ | ৭৫.০৬% | ১৯৯.৫৩ |
| | দোকান ভাড়া | ২৯২.০৪ | ২৮.৯২ | ১৪৮.৫০ | ৫০.৮৫% | ১৪৩.৫৪ |
| সর্বমোট | | ১১০৭৪.৩৫ | ৪১৭.৫৫ | ৩৭৬২.০১ | ৩৩.৯৭% | ৭৩১২.৩৪ |

**(খ) রাজস্ব আদায়: পানি সরবরাহ বিভাগের দাবি ও আদায় বিবরণী** (লক্ষ টাকায়)

| মাস | বিষয় | ওয়াসার বকেয়া | এনসিসির বকেয়া (জুলাই ২০২৩ থেকে নভেম্বর ২০২৪) | ডিসেম্বর ২০২৪ (হাল) | মোট (ভ্যাট ব্যতীত) |
|---|---|---|---|---|---|
| ডিসেম্বর- ২০২৪ | দাবি (ভ্যাট ব্যতীত) | ২৮৩৬.০৪ | ৮২৩.২৯ | ১৩৮.০৪ | ৩৭৯৭.৩৭ |
| | আদায় (ভ্যাট ব্যতীত) | ৫.৩৮ | ২৫.৭৮ | ৮৭.৯৯ | ১১৯.১৫ |

সভাপতি মহোদয় বলেন জুলাই ২০২৪ মাস হতে ডিসেম্বর ২০২৪ মাস পর্যন্ত দোকান ভাড়া ও ট্রেড লাইসেন্স ফি আদায়ের হার মোটামুটি সন্তোষজনক হলেও পৌরকর আদায়ের অগ্রগতি সন্তোষজনক নয়। পৌরকর আদায়ের হার সন্তোষজনক করণের লক্ষ্যে তিনি সংশ্লিষ্ট সকলকে আরো সক্রিয় হতে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত**: (১) ওয়ার্ডভিত্তিক কর খেলাপীদের তালিকা প্রণয়ন করে আদায় অভিযান পরিচালনা, লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদারকরণ, (২) ট্রেড লাইসেন্স নবায়ন ও ব্যবসায়ীদেরকে ট্রেড লাইসেন্স গ্রহণ করে ব্যবসা করার বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য অঞ্চলভিত্তিক কার্যক্রম গ্রহণ, (৩) মার্কেট, ফ্ল্যাট ও দোকান ভাড়া আদায়ে তৎপর হওয়াসহ যাবতীয় রাজস্ব আদায় কার্যক্রম জোরালোভাবে সম্পন্ন করা, (৪) লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করা এবং রাজস্ব আদায়ে কাঙ্খিত মাত্রা অর্জিত না হওয়া পর্যন্ত তা চলমান রাখা, (৫) বকেয়া/ খেলাপি গ্রাহকগণের নিকট হতে এ প্রতিষ্ঠানের পাওনা রাজস্ব আদায়ের লক্ষ্যে তাদের অনুকূলে অতি দ্রুত পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** কর আদায়, বাজার শাখা এবং ট্রেড লাইসেন্স শাখা, রাজস্ব শাখা, পানি সরবরাহ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৩:** ডিসেম্বর ২০২৪ মাসের আয়-ব্যয় হিসাব পর্যালোচনা।

**আলোচনা:** প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (চ:দা:) জনাব মোঃ হেমায়েত হোসেন সভায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের গত ডিসেম্বর ২০২৪ মাসের আয়-ব্যয়ের তথ্য উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

| **খাত** | **অক্টোবর/২০২৪ (লক্ষ টাকায়)** | **নভেম্বর/২০২৪ (লক্ষ টাকায়)** | **ডিসেম্বর/২০২৪ (লক্ষ টাকায়)** | **মোট (লক্ষ টাকায়)** |
|---|---|---|---|---|
| | | **আয়** | | |
| **রাজস্ব আয়** | **৮৯৫.২২** | **৭৫২.২৭** | **৭৫৯.৩৮** | **২৪০৬.৮৭.৫০** |
| **সরকারী উন্নয়ন বরাদ্দ (থোক বরাদ্দ থেকে)** | **২৮.৬২** | -- | -- | **২৮.৬২** |
| **মোট আয়** | **৯২৩.৮৪** | **৭৫২.২৭** | **৭৫৯.৩৮** | **২৪৩৫.৪৯** |
| | | **ব্যয়** | | |
| **রাজস্ব ব্যয় (রাজস্ব আয় থেকে)** | **২৫১.৮১** | **৪৪৯.৯৫** | **৪২০.৫২** | **১১২২.২৮** |
| **উন্নয়ন ব্যয় (রাজস্ব আয় থেকে)** | **৬২৩.৪১** | **১২৯৭.৩৩** | **৪১৭.৩৭** | **২৩৩৮.৩৭** |
| **উন্নয়ন ব্যয় (থোক বরাদ্দ থেকে)** | **১৭.১১** | **৯৫.২৮** | **৪৬.৭৭** | **১৫৯.১৬** |
| **মোট ব্যয়** | **৮৯২.৩৩** | **১৮৪২.৫৬** | **৮৮৪.৬৬** | **৩৬১৯.৫৫** |

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে ডিসেম্বর ২০২৪ মাসের আয়-ব্যয়ের হিসাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** হিসাব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৪: ডেঙ্গু প্রতিরোধে কার্যক্রম পর্যালোচনা সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা: (ক) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধ সম্পর্কিত আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সকলকে ডেঙ্গু প্রতিরোধে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে গৃহীত বিশেষ পদক্ষেপসমূহ সভায় উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

ক. সাংগঠনিক কাঠামো/ প্রাতিষ্ঠানিক কাঠামো

১। নগরীর তিন অঞ্চলের ২৭ টি ওয়ার্ডের জন্য ৯টি মনিটরিং টিম গঠন করা হয়েছে।

২। নগরীর তিন অঞ্চলের জন্য ০২ (দুই) জন করে সুপারভাইজার নিয়োজিত যারা মনিটরিং টিম ও মশক কর্মীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে কাজ করেন।

৩। প্রতিটি ওয়ার্ডে মশক নিধন ও ডেঙ্গু প্রতিরোধে ৫ সদস্য বিশিষ্ট টিম রয়েছে।

৪। মশক নিধনে ২০ সদস্য বিশিষ্ট স্পেশাল টিম গঠন করা হয়েছে।

খ. মশক নিধন কার্যক্রম

১। প্রতিদিন ২৭টি ওয়ার্ডে পূর্বাহ্নে (সকাল ৮:০০টা হতে দুপুর ১২:০০টা) হ্যান্ড স্প্রে মেশিনের মাধ্যমে লার্ভিসাইড এবং এল.ডি.ও ছিটানো হয়।

২। প্রতিদিন অপরাহ্নে (বিকাল ৪:০০টা হতে সন্ধ্যা ৭:০০টা) ফগার মেশিনের সাহায্যে এডাল্টিসাইড ফগিং করা হয়।

৩। বিশেষ প্রয়োজনে নগরীর গুরুত্বপূর্ণ রাস্তা ও ঝুঁকিপূর্ণ জায়গায় স্পেশাল টিমের সাহায্যে ফগিং করানো হয়েছে।

৪। নগরীর নর্দমা, খাল ও বদ্ধ জলাশয়ে অয়েল বল প্রয়োগ করা হয়।

৫। মশক ঝুঁকিপূর্ণ স্থানসমূহে নিয়মিত বিশেষ অভিযান পরিচালনা করা হয়।

গ. সচেতনতা কার্যক্রম

১। জনসচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়েছে।

২। নগরীর প্রতিটি ওয়ার্ডে ডেঙ্গু সচেতনতামূলক মাইকিং করা হচ্ছে।

৩। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৪। সামাজিক যোগাযোগ মাধ্যমে জনসচেতনতামূলক বার্তা প্রচার কার্যক্রম চলমান রয়েছে।

৫। ধর্মীয় নেতাদের (ইমাম, পুরোহিত, ফাদার) মাধ্যমে ডেঙ্গু বিষয়ক সচেতনতামূলক বার্তা প্রচার করা হচ্ছে, বিশেষ করে মসজিদের সম্মানিত ইমামগণকে জুম'আর নামাজের বয়ানে ডেঙ্গু বিষয়ে কথা বলার জন্য চিঠির মাধ্যমে অনুরোধ করা হয়েছে।

৬। মার্কেট, শপিংমল মালিক/ ব্যবসায়ী প্রতিনিধিদের সম্পৃক্ত করে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৭। নগরীর প্রতি ওয়ার্ডে ডেঙ্গু নিধন সভার আয়োজন করা হয়েছে।

৮। ডেঙ্গু নিধন ও জনসচেতনতা বৃদ্ধি করার জন্য নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।

৯। মশক ঝুঁকিপূর্ণ স্থান যেমন সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকার বিভিন্ন খাল, নর্দমা, বদ্ধ জলাশয়ে লার্ভিসাইড ও এল.ডি.ও ছিটানো হয়।

ঘ. প্রতিরোধ কার্যক্রম

১। ডেঙ্গু আক্রান্তের তথ্য সংগ্রহ করে আবাসস্থল ও তার চারপাশে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে।

২। নগরীর বিভিন্ন ওয়ার্ডে নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হচ্ছে।

৩। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আওতায় পরিচালিত ৪টি নগর স্বাস্থ্যকেন্দ্রে নিয়মিত বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করা হচ্ছে।

৪। হাসপাতালগুলোতে ডেঙ্গু আক্রান্ত রোগীদের বিভিন্ন পরামর্শ প্রদান এবং প্রয়োজনে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়।

**(খ) ডেঙ্গু রোগীর তথ্যাদি বিষয়ক আলোচনা:** মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে বিগত ১২ মাসের নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু আক্রান্ত রোগীদের মাসিক সর্বশেষ তথ্য সকলের সামনে উপস্থাপন করেন, যা নিম্নরুপ:

| মাসের নাম | রোগীর সংখ্যা | মৃত্যুর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ফেব্রুয়ারি | ২ | ০ | - |
| মার্চ | ২ | ০ | - |
| এপ্রিল | ২ | ০ | - |
| মে | ৪ | ০ | - |
| জুন | ১ | ০ | - |
| জুলাই | ৪ | ০ | - |
| আগস্ট | ১৩ | ০ | - |
| সেপ্টেম্বর | ৭১ | ০ | - |
| অক্টোবর | ২৯৯ | ০ | - |
| নভেম্বর | ৩৪১ | ০ | - |
| ডিসেম্বর | ১৪৫ | ০ | - |
| জানুয়ারি | ৯ | ০ | ২০ জানুয়ারি ২০২৫ পর্যন্ত |
| মোট | ৮৯৩ | ০ | - |

বর্তমানে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকায় এ বিষয়ে বর্তমানে এ সিটি কর্পোরেশনের করণীয় বিষয়ে সিভিল সার্জন, নারায়ণগঞ্জ এর মতামত চাওয়া হয়। এ বিষয়ে সিভিল সার্জন, নারায়ণগঞ্জ এবং অন্যান্য সদস্যগণ তাদের মতামত প্রদান করেন। আলোচনান্তে এ প্রতিষ্ঠান হতে গৃহীত সকল পদক্ষেপ চলমান রাখাসহ আপাতত ফগিং কার্যক্রম কমিয়ে সপ্তাহে ৩ দিন করা এবং হ্যান্ড স্প্রে মেশিনের মাধ্যমে লার্ভিসাইড এবং এল.ডি.ও ছিটানো কার্যক্রম পূর্বের ন্যায় নিয়মিত পরিচালনা করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্তঃ** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন হতে ডেঙ্গু রোগের বাহক এডিস মশা নিধন, প্রতিরোধ এবং জনসচেতনতা কার্যক্রম যেভাবে পরিচালনা করা হচ্ছে তা অব্যাহত রাখার তবে আপাতত ফগিং কার্যক্রম সপ্তাহে ৩ দিন চালু রাখার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** স্বাস্থ্য বিভাগ, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৫: উন্নয়নমূলক কার্যক্রম (চলমান ও নতুন প্রকল্প) ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত আলোচনা।**

**আলোচনা**: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের তত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আব্দুল আজিজ উন্নয়নমূলক কার্যক্রম (চলমান প্রকল্প ও নতুন প্রকল্প) ও ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:

| নারায়ণগঞ্জ অঞ্চল | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | দরপত্র বিজ্ঞপ্তি নং | অর্থের উৎস | স্কিম সংখ্যা | সমাপ্ত স্কিম সংখ্যা | অসমাপ্ত স্কিম সংখ্যা | গড় অগ্রগতি | মন্তব্য |
| ০১ | **১৮/২০১৮-১৯** | **নিজস্ব** | **৪** | **৩** | **১** | **৯৮%** | |
| ০২ | ১৩/২০২৯-২০ | নিজস্ব | ৪ | ২ | ২ | ৯৭% | - |
| ০৩ | ১৬/২০২০-২১ | নিজস্ব | ৮ | ৪ | ৪ | ৮১% | - |
| ০৪ | ০৩/২০২১-২২ | নিজস্ব | ৪ | ৩ | ১ | ৭৫% | - |
| ০৫ | ০৮/২০২২-২৩ | LGCRRP | ৫ | ৩ | ২ | ৭৫% | - |
| ০৬ | ০৬/২০২২-২৩ | ডিপিপি | ১ | ১ | - | ১০০% | - |
| ০৭ | ০২/২০২৩-২৪ | নিজস্ব | ১ | - | ১ | - | ঠিকাদার সময় চেয়ে আবেদন করেছেন। নথি চলমান। |
| ০৮ | ০৩/২০২৩-২৪ | নিজস্ব | ২ | - | ২ | ৭% | - |
| ০৯ | ০৬/২০২৩-২৪ | নিজস্ব | ৩ | ২ | ১ | ৭০% | - |
| ১০ | ০৫/২০২৩-২৪ | LGCRRP | ৯ | - | ৯ | ৭০% | - |
| ১১ | ০৭/২০২৩-২৪ | নিজস্ব | ২ | - | ২ | - | লে-আউট কাজ চলমান। |

| সিদ্ধিরগঞ্জ অঞ্চল | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | দরপত্র বিজ্ঞপ্তি নং | অর্থের উৎস | স্কিম সংখ্যা | সমাপ্ত স্কিম সংখ্যা | অসমাপ্ত স্কিম সংখ্যা | গড় অগ্রগতি | মন্তব্য |
| ০১ | **২৬/২০২০-২১** | **নিজস্ব** | **০১** | **-** | **০১** | **৮৫%** | **-** |
| ০২ | ০৯/২০২২-২৩ | নিজস্ব | ০১ | - | ০১ | ১৪% | - |
| ০৩ | ০৬/২০২৩-২৪ | নিজস্ব | ০৩ | ০২ | ০১ | ৮৮% | - |
| ০৪ | ০৪/২০২৩-২৪ (ড্রেন পুনঃনির্মাণ) | ইউডিসিজিপি | ০২ | - | ০২ | ১৭% | - |
| ০৫ | ০২/২০২৪-২৫ (মাঠ) | ইউডিসিজিপি | ০১ | - | ০১ | - | চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে। |

| কদমরসুল অঞ্চল | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক | দরপত্র বিজ্ঞপ্তি নং | অর্থের উৎস | স্কিম সংখ্যা | সমাপ্ত স্কিম সংখ্যা | অসমাপ্ত স্কিম সংখ্যা | গড় অগ্রগতি | মন্তব্য |
| ০১ | **২৫/২০১৮-১৯** (পরিচ্ছন্নকর্মী নিবাস) | ডিপিপি ও নিজস্ব | ০৩ | ০২ | ০১ | ৯৭% | - |
| ০২ | ০৪/২০২০-২১ (পরিচ্ছন্নকর্মী নিবাস) | ডিপিপি ও নিজস্ব | ০২ | -- | ০২ | ৯৯% | - |
| ০৩ | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন | ডিপিপি | -- | -- | -- | ৫০% | ভূমি অধিগ্রহণের ব্যয় বৃদ্ধি পাওয়ায় ৪২৫৪৩.৯২ লক্ষ টাকা ব্যয় সংবলিত ১ম সংশোধিত ডিপিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| ০৪ | ১৯/২০২০-২১ (ভবন) | নিজস্ব | ০৯ | ০৫ | ০৩ | ৮৭% | ১টি প্রকল্প স্থগিত। |
| ০৫ | ০৬/২০২৩-২৪ (ড্রেন পরিঃ) | নিজস্ব | ০৩ | ০২ | ০১ | ৯৭% | - |
| ০৬ | ০৭/২০২৩-২৪ | নিজস্ব | ০৩ | -- | ০৩ | -- | NOA প্রদান করা হয়েছে। |

আলোচনায় অংশ নিয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী (সিভিল) জনাব মোহাম্মদ ইসমাইল চৌধুরী জানান, এ প্রতিষ্ঠানের ৩টি অঞ্চলের আওতাধীন পানি সরবরাহ শাখার অধীনস্থ গোদনাইল পানি শোধনাগার ও সোনাকান্দা পানি শোধনাগারসহ ৩৪টি গভীর নলকূপের মাধ্যমে দৈনিক ১১ (এগারো) কোটি লিটার পানি উৎপাদন করা হয়। এই পানি পরিশোধনের জন্য ক্যামিকেল ব্যবহার করা হয়। ক্যামিকেল ক্রয়সহ নগরবাসীর পানি চাহিদা পূরণ, নিরবচ্ছিন্নভাবে পানি সরবরাহ সচল রাখা এবং চাহিদা মোতাবেক পানি উত্তোলনের জন্য পাম্প ও পাইপ লাইনগুলো নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত করা প্রয়োজন হয়। সে লক্ষ্যে নিম্নোক্ত ২ টি প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুত করা হয়, যার আনুমানিক প্রাক্কলিত ব্যয় (৪,২৭,২৬,৮৭৯.৪২+৩০,০০,০০০.০০)=৪,৫৭,২৬,৮৭৯.৪২ (চার কোটি সাতান্ন লক্ষ ছাব্বিশ হাজার আটশত উনআশি দশমিক চার দুই) টাকা । প্রকল্পের মেয়াদ ১৮ মাস ব্যপ্তি রেখে ৪,২৭,২৬,৮৭৯.৪২ (চার কোটি সাতাশ লক্ষ ছাব্বিশ হাজার আটশত উনআশি দশমিক চার দুই) টাকা মূলে কর্তৃপক্ষের নির্দেশের আলোকে নগরবাসীর পানি চাহিদা পূরণ, নিরবচ্ছিন্নভাবে পানি সরবরাহ সার্বক্ষণিক সচল রাখা এবং চাহিদা মোতাবেক পানি উত্তোলনের জন্য পাম্প ও পাইপ লাইনগুলো নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত করার প্রয়োজনে PPR-2008 বিধি ৮৯ অনুযায়ী Frame Work কার্যক্রম গ্রহণ এবং পানি শোধনাগারের জন্য 100 M.Ton Liquid Chlorine ক্রয়ের নিমিত্তে প্রাক্কলিত ব্যয় =৩০,০০,০০০.০০ (ত্রিশ লক্ষ) টাকাসহ উভয়ের ক্রয় প্রক্রিয়ার জন্য OTM পদ্ধতিতে দরপত্র আহবানের সদয় অনুমোদন করা যেতে পারে।

| প্রকল্পের নাম | একক প্রাক্কলিত ব্যয় |
|---|---|
| Supplying, Installation, Maintenance, Rehabilitation, Regeneration, Distribution, Laying Pipe Lines & Related Goods, Works & Services with Related services, physical services & Intellectual services of Water Works under Water Supply Division of Narayanganj City Corporation. | ৪,২৭,২৬,৮৭৯.৪২ |
| Prourement of 100 M.Ton Liquid Chlorine for Godnail & Sonakanda Water Treatment Plant under Water Supply division of Narayanganj City Corporation.(Re-Tender) | ৩০,০০,০০০.০০ |

**সিদ্ধান্ত:** আলোচনায় উল্লিখিত উন্নয়ন কাজ ও প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৬: সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন হাট-বাজার/ খেয়াঘাট/ সায়রাত মহাল ১৪৩২ বঙ্গাব্দের জন্য ইজারা প্রদান সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান এ সিটি কর্পোরেশন হতে প্রতি বছরের জন্য (বাংলা সনের ক্যালেন্ডার অনুযায়ী) হাট-বাজার/ খেয়াঘাট/ সায়রাত মহাল ইজারা প্রদান করা হয়ে থাকে। সে প্রেক্ষিতে ১৪৩২ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে নিম্নবর্ণিত হাট-বাজার/ খেয়াঘাট/ সায়রাত মহাল ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণের বিষয়ে তিনি সকলের সম্মতি কামনা করেন।

| ক্রমিক | **হাট-বাজার/ খেয়াঘাট/ সায়রাত মহাল এর নাম** |
|---|---|
| ১ | গোদনাইল হাট-বাজার। |
| ২ | ভগবানগঞ্জ বাজার। |
| ৩ | কালীর বাজার। |
| ৪ | বন্দর বাজার। |
| ৫ | ইস্পাহানি বাজার। |
| ৬ | মদনগঞ্জ বাজার। |
| ৭ | সোনাকান্দা হাট। |
| ৮ | নবীগঞ্জ সিএনজি ও থ্রি হুইলার যান স্ট্যান্ড, কামাল উদ্দিনের মোড়সহ (ফেরি দ্বারা পারাপার হয়ে চলে যাওয়া কোনো যানবাহনই স্ট্যান্ডের টোলের আওতাভুক্ত নয়)। |
| ৯ | বন্দর ১ নং খেয়াঘাট রোড ও পার্শ্বস্থ সিএনজি ও থ্রি হুইলার যান পার্কিং স্ট্যান্ড। |
| ১০ | সোনামিয়া বাজার পশু জবাইখানা। |
| ১১ | পশ্চিমপাড় নিতাইগঞ্জ ত্রিবেনী খেয়াঘাট, পূর্বপাড় বন্দর থানা খেয়াঘাট। |
| ১২ | পশ্চিমপাড় বরফকল খেয়াঘাট, পূর্বপাড় জমাল সোপ ফ্যাক্টরি খেয়াঘাট। |
| ১৩ | পশ্চিমপাড় লক্ষ্মী নারায়ণ খেয়াঘাট, পূর্বপাড় চৌরাপাড়া খেয়াঘাট। |
| ১৪ | পশ্চিমপাড় মীরপাড়া খেয়াঘাট, পূর্বপাড় উত্তর লক্ষণখোলা খেয়াঘাট। |
| ১৫ | পশ্চিমপাড় সুমীলপাড়া খেয়াঘাট, পূর্বপাড় সাধুরঘাট খেয়াঘাট। |

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে

(১) উপর্যুক্ত হাট-বাজার/ খেয়াঘাট/ সায়রাত মহাল ১৪৩২ বঙ্গাব্দের ০১ বৈশাখ মাস হতে ইজারা প্রদানের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) এ সিটি কর্পোরেশনের আওতাভুক্ত সিএনজি স্ট্যান্ডের নাম পরিবর্তন করে "সিএনজি ও থ্রি হুইলার যান" স্ট্যান্ড করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(৩) থ্রি হুইলার যানের ভাড়া দৈনিক ২০/- (বিশ) টাকা নির্ধারণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** সম্পত্তি বিভাগ, হিসাব বিভাগ, ভাড়া আদায় শাখা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি ৭: C4C ফরম্যাট অনুযায়ী নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২০২৩- ২০২৪ অর্থবছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন ও বার্ষিক উন্নয়ন প্রতিবেদন ভূতাপেক্ষ অনুমোদন প্রসঙ্গে আলোচনা।**

**আলোচনা:** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সচিব (উপসচিব) জনাব মোঃ নূর কুতুবুল আলম জানান, প্রতিবছর স্থানীয় সরকার বিভাগ হতে সর্বশেষ অর্থবছরের প্রশাসনিক তথ্য চাওয়া হয়। মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ছক ও ফরম্যাট অনুযায়ী এ প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগ/ শাখা হতে তথ্য সংগ্রহ করে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন প্রতিবেদন ও বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। এ প্রতিবেদন ২ টি প্রতি বছরের ৩০ সেপ্টেম্বরের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ এবং সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশ করতে হয়। স্থানীয় সরকার বিভাগে প্রেরণের পূর্বে প্রতিবেদন ২ টি সিটি কর্পোরেশনের সাধারণ সভায় অনুমোদনের বিধান রয়েছে। জুলাই- আগস্ট এ ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে দেশে বড় ধরনের প্রশাসনিক পরিবর্তনের ফলে এ সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন প্রতিবেদন ও বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হলেও সাধারণ সভায় আলোচনাপূর্বক অনুমোদন করে প্রেরণ করা সম্ভব হয়নি। এমতাবস্থায়, উপরোক্ত বিষয়ে ভূতাপেক্ষ অনুমোদন দেওয়া যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে, স্থানীয় সরকার বিভাগে প্রেরণকৃত নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন ও বার্ষিক উন্নয়ন প্রতিবেদন ভূতাপেক্ষ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**বিবিধ আলোচ্যসূচি: আলী আহাম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তন সংলগ্ন রাস্তার ড্রেন নির্মাণ সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা:** সভাপতি মহোদয় বলেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১৮ নং ওয়ার্ডের নিতাইগঞ্জ হতে চাষাড়া পর্যন্ত রাস্তার দুই পাশে ডিপ ড্রেইন নির্মাণ কাজ চলমান আছে মর্মে সকলে অবগত আছেন। আগের ড্রেইন টি ২ (দুই) ফুট চওড়া ছিল। যা ভেঙ্গে সড়কের উভয়পাশে নতুনভাবে ৪ (চার) ফুট চওড়া ড্রেইন নির্মাণ করা হচ্ছে। ড্রেইন নির্মাণ করার ক্ষেত্রে অনেক সময় বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। যেমন: আলী আহাম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তনের সম্মুখে অবস্থিত উচু সিঁড়ি থাকার কারণে পথচারী চলাচলের জন্য চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে মর্মে "আমরা নারায়ণগঞ্জবাসী" নামীয় সংগঠন হতে অভিযোগ পাওয়া গেছে। এছাড়াও উক্ত সিঁড়ি থাকার কারণে নির্মিতব্য ড্রেইনটি সামান্য বাঁকিয়ে নিয়ে নির্মাণ করতে হচ্ছে। অপরদিকে নগরবাসীর আরেকটি পক্ষ সিঁড়িটি বর্তমান অবস্থায় রাখার দাবি করেছেন। তারা সিঁড়ির নীচে পূর্ব থেকেই নির্মিত চওড়া ড্রেনের বিষয়টি উল্লেখ করে এ নান্দনিক স্থাপনা ভাঙ্গা বা নক্সা পরিবর্তনে আপত্তি জানিয়েছেন। এছাড়া সেখানে তিতাস গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডের সঞ্চালন লাইনের ১ টি পিট রয়েছে। বর্ণিত প্রতিষ্ঠানটি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক নির্মিত একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। এরকম স্পর্শকাতর ও টেকনিক্যাল বিষয়ে উপযুক্ত কমিটি কর্তৃক সরেজমিনে পরিদর্শন ও সকল তথ্য গভীরভাবে বিশ্লেষণ ছাড়া কোনো সিদ্ধান্ত গ্রহণ করা সমীচীন হবে না মর্মে সদস্যগণ একমত পোষণ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামত সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য নিম্নরুপ কমিটি গঠনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>আলী আহাম্মদ চুনকা নগর পাঠাগার ও মিলনায়তন সংলগ্ন রাস্তায় ড্রেন নির্মাণ বিষয়ক কমিটি:</u>

| | |
|---|---|
| ১। সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন | আহবায়ক |
| ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন | সদস্য |
| ৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ | সদস্য |
| ৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার অধিদপ্তর, নারায়ণগঞ্জ | সদস্য |
| ৫। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ | সদস্য |
| ৬। উপমহাব্যবস্থাপক, তিতাস গ্যাস লিমিটেড, নারায়ণগঞ্জ | সদস্য |
| ৭। নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন | সদস্য সচিব |

<u>কমিটির কার্যপরিধি (ToR):</u> গঠিত কমিটি সরেজমিনে পরিদর্শন করে ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর সুস্পষ্ট মতামত সম্বলিত প্রতিবেদন দাখিল করবেন।

**বাস্তবায়নে:** প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

অতঃপর আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও তাদের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০১/২০২৫

(এ, এইচ, এম কামরুজ্জামান)
প্রশাসক
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.০৬.১৭৬.২৪- ৩২

তারিখ: ২৬/০১/২০২৫ খ্রিঃ

<u>সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৪। ---------------------------------------- নারায়ণগঞ্জ।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। নির্বাহী প্রকৌশলী (সকল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। জনাব ---------------------------------------- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। ----------------------------------------বিভাগ/শাখা, নারায়ণগঞ্জ/সিদ্ধিরগঞ্জ/কদমরসুল অঞ্চল, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০। অফিস কপি/ গার্ড নথি, প্রশাসন শাখা।

২৬/০১/২৫

(মোঃ নূর কুতুবুল আলম)
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

**পরিশিষ্ট - (ক)**

২০/০১/২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার সরকার কর্তৃক গঠিত কমিটির ৪র্থ **সভায় উপস্থিতিগণের** তালিকা: (স্বাক্ষরের ক্রমানুসারে)

১) জনাব এ, এইচ, এম কামরুজ্জামান, প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) জনাব মোহাম্মদ জাকির হোসেন, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মোঃ নূর কুতুবুল আলম, সচিব (উপসচিব), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মুহম্মদ শামীম কিবরিয়া, অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), নারায়ণগঞ্জ।
৫) জনাব রুহুল আমিন সাগর, অতিরিক্ত পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৬) ডাঃ এ এফ এম মুশিউর রহমান, সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
৭) জনাব মোঃ হারুন অর রশিদ, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৮) জনাব মোঃ তোফাজ্জল হোসেন, সিনিয়র সহকারী প্রকৌশলী, (প্রতিনিধি) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
৯) জনাব মোঃ মাহমুদ খান, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
১০) জনাব মোঃ আতিকুর রহমান, জেলা শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
১১) জনাব ফেরদৌসী বেগম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নারায়ণগঞ্জ।
১২) জনাব নাঈম হাসান মাহমুদ, নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি, নারায়ণগঞ্জ।
১৩) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, যুগ্মপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীন নৌ- পরিবহন কর্তৃপক্ষ, (বিআইডব্লিউটিএ), নারায়ণগঞ্জ।
১৪) জনাব মোঃ আবদুল্লাহ আল আরেফীন, উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নারায়ণগঞ্জ।
১৫) জনাব মোঃ সাইফুল কবীর, মোটরযান পরিদর্শক, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নারায়ণগঞ্জ।
১৬) প্রকৌশলী মোঃ মামুনুর রশিদ, উপমহাব্যবস্থাপক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন লিমিটেড, নারায়ণগঞ্জ।
১৭) জনাব এ, এইচ, এম রাসেদ, উপ পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নারায়ণগঞ্জ।
১৮) জনাব আশরাফুল ইসলাম হৃদয়, ইমারত পরিদর্শক, (প্রতিনিধি) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, জোন-৮/২, নারায়ণগঞ্জ।

**উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা :**

১) জনাব মোঃ আব্দুল আজিজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২) ডাঃ নাফিয়া ইসলাম, মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩) জনাব মোহাম্মদ ইসমাইল চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (সিভিল), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪) জনাব মোঃ রেজাউল ইসলাম রাজু, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) [চঃদাঃ], নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫) জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজকল্যান কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬) জনাব মোঃ হেমায়েত হোসেন, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭) জনাব মোহাম্মদ হান্নান মিয়া, রাজস্ব আদায়কারী (ভারঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮) জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯) জনাব ইশরাত জাকিয়া, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০) জনাব মোঃ শাখাওয়াৎ হোসেন রিয়াদ, রেজিষ্ট্রেশন সহকারী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।